অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/9/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো শিল্প-খাতের প্রধান দুটি কোম্পানিকে সিরাকিউজে সম্প্রসারিত করার ঘোষণা দিয়েছেন

ব্যাংকার্স হেলথকেয়ার গ্রুপ (Bankers Healthcare Group, BHG) সল্ট সিটিতে 330টি নতুন কর্মসংস্থান তৈরি করবে

টেকনোলজির বৈশ্বিক উদ্ভাবক যারা পরবর্তী-প্রজন্মের যোগাযোগ ব্যবস্থা ডিজাইন এবং তৈরি করা, JMA ওয়্যারলেস (JMA Wireless), সেন্ট্রাল নিউ ইয়র্কে 100টি কর্মসংস্থান তৈরি করবে

উভয় বিনিয়োগ, কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিতে প্রবৃদ্ধির উদ্দেশ্যে অঞ্চলটির বিস্তৃত কৌশল - "সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি" (CNY Rising) কে পূর্ণ করে।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো শিল্প-খাতের প্রধান দুটি কোম্পানিকে সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলে অবস্থিত সিরাকিউজে সম্প্রসারিত করার ঘোষণা দিয়েছেন যেটি এই অঞ্চলের অর্থনীতির প্রবৃদ্ধি ঘটাবে। ব্যাংকারস হেলথ গ্রুপ, এলএলসি (Bankers Health Group, LLC) তাদের সেন্ট্রাল নিউ ইয়র্কের বেশ কয়েকটি কার্যক্রম সিরাকিউসের 300-324 স্পেন্সার স্ট্রিটে অবস্থিত একটি নতুন নির্মিত স্থাপনায় স্থানান্তরিত ও একত্রীকরণ করবে। JMA ওয়্যারলেস টেক্সাস থেকে 5G সরঞ্জাম উৎপাদন ডাউনটাউন সিরাকিউসের দক্ষিণ-পূর্ব প্রবেশপথের ঐতিহাসিক কোয়েন বিল্ডিং (Coyne Building)-এর দিকে স্থানান্তরিত করবে বলে কথা দিয়েছে। এই দুই কোম্পানি সব মিলিয়ে 400টিরও অধিক কর্মসংস্থান তৈরি করবে।

"সেন্ট্রাল নিউ ইয়র্কে মূখ্য কোম্পানিগুলোকে নিয়ে আসার জন্য আমাদের দৃষ্টি কেন্দ্রিভূত এবং এই ঘোষণাটি প্রমাণ করে যে অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে আমাদের কৌশলগত, অঞ্চল ভিত্তিক পদ্ধতি বাস্তব ফলাফল নিয়ে আসছে", **গভর্নর কুওমো বলেন।** "সেন্ট্রাল নিউ ইয়র্ক-এ বিস্তৃত হয়ে এই দুটি সংস্থা এই অঞ্চলটিকে রূপান্তর করতে, নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে এবং আপস্টেট নিউ ইয়র্কের জুড়ে আরও বেশি অর্থনৈতিক গতি তৈরি করতে সহায়তা করবে।"

"সিরাকিউজ নতুন ব্যবসার সাথে সাথে ক্রমবর্ধিত হচ্ছে এবং উদ্ভাবনের কেন্দ্রস্থল হিসেবে কাজ করে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ব্যাংকার্স হেলথকেয়ার গ্রুপ ও JMA ওয়্যারলেস-এর সম্প্রসারণের মাধ্যমে ওই এলাকায় শত শত কর্মসংস্থান যুক্ত হবে এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের হাইটেক শিল্পকে আরও এগিয়ে নিয়ে যাবে। এই বিনিয়োগগুলো এলাকার অর্থনীতিকে আরও

শক্তিশালী করবে, এলাকাকে আরও উজ্জীবিত করে তুলবে এবং নিউ ইয়র্কবাসীর জন্য নতুন সম্ভাবনা তৈরি করবে।"

ব্যাংকার্স হেলথকেয়ার গ্রুপের প্রতিষ্ঠাতা, চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যালবার্ট ক্রফোর্ড বলেন, "স্টেটের সাথে অংশীদার হয়ে, আমরা কেবলমাত্র আমাদের কোম্পানির পদচিহ্নকে বিস্তৃত করতেই সক্ষম হচ্ছি না, বরঞ্চ সেন্ট্রাল নিউ ইয়র্কে 300টিরও বেশি নতুন কর্মসংস্থান তৈরি করতে পারছি। আমাদের কোম্পানির সদরদপ্তর প্রায় দুই দশক ধরে ডাউনটাউন সিরাকিউজে আছে এবং শীর্ষ প্রতিভা আকৃষ্ট করতে, স্থানীয় অর্থনীতিতে অবদান রাখতে এবং ইনার হারবার (Inner Harbor)-এর পুনরায় উন্নয়নে সহায়তা করায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারা একটি সম্মানের বিষয়।"

স্পেনসার স্ট্রিট এলএলসি (Spencer Street LLC) সিরাকিউজের 300-324 স্পেন্সার স্ট্রিটে ব্যাঙ্কারস হেলথ কেয়ার গ্রুপ (Bankers Healthcare Group) এবং ক্যাপিটাল কালেকশন ম্যানেজমেন্টের (Capital Collection Management) জন্য একটি 100,000 বর্গফুট স্থাপনা নির্মাণ এবং সজ্জিত করবে। 35 মিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পের মধ্যে বিদ্যমান সম্পত্তির ধ্বংস ও সংস্কার এবং নতুন স্থাপনা নির্মাণ ও পূর্ণ প্রস্তুতি এবং গৃহসজ্জা অন্তর্ভুক্ত থাকবে। সম্মিলিত এই উদ্যোগের ফলে 330টি নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে। ব্যাংকার হেলথ গ্রুপের কর্মীরা ফ্রাঙ্কলিন স্কয়ার এবং আরমরি স্কয়ারে তাদের বর্তমান অফিস অবস্থানগুলোতে থাকবেন; ক্যাপিটাল কালেকশন ম্যানেজমেন্টের কর্মীরা কোম্পানির আর্মরি স্কোয়ার লোকেশন (Armory Square) থেকে কাজ চালিয়ে যাবেন। ব্যাংকার্স হেলথকেয়ার গ্রুপ আশা করছে, প্রকল্পটি 2023 সালের শেষে সম্পন্ন হবে।

নিউ ইয়র্ক স্টেট 11 মিলিয়ন মার্কিন ডলারের মোট বিনিয়োগের মাধ্যমে এই প্রকল্পকে সহায়তা করছে, যার মধ্যে রয়েছে 4 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল গ্রান্ট (Capital Grant) এবং 7 মিলিয়ন মার্কিন ডলারের এক্সেলসিওর জব ট্যাক্স ক্রেডিট (Excelsior Jobs Tax Credits)। 2001 সালে প্রতিষ্ঠিত ব্যাংকার্স হেলথকেয়ার গ্রুপ স্বাস্থ্যসেবা চর্চাকারীদের এবং অন্যান্য লাইসেন্সধারী পেশাদারদের জন্য উদ্ভাবনী, ঝামেলামুক্ত আর্থিক সমাধান প্রদান করে। তিনটি স্থানে BHG-এর কার্যালয় রয়েছে: ফ্লোরিডার ডেভিতে কর্পোরেট সদর দফতর; নিউ ইয়র্ক সিটিতে গবেষণা এবং উন্নয়ন; এবং নিউ ইয়র্ক এর সিরাকিউজে আর্থিক সদর দফতর। BHG ইনক 500/5000 (Inc. 500/5000)-এর 13-বারের সম্মানিত এবং সম্প্রতি *ফরচুন (FORTUNE)* ম্যাগাজিন এবং গ্রেট প্লেস টু ওয়ার্ক নিউ ইয়র্ক (Great Place to Work) কর্তৃক স্টেটের দ্বিতীয় সেরা কর্মক্ষেত্র হিসাবে মনোনীত হয়েছে। ব্যাংকার্স হেলথকেয়ার গ্রুপ সম্পর্কে আরও তথ্যের জন্য, এখানে ক্লিক করুন।

4G এবং 5G সফটওয়্যার-ভিত্তিক প্রযুক্তির বিশ্বব্যাপী উদ্ভাবনকারী JMA ডাউনটাউন সিরাকিউজে 5G হাই টেক ম্যানুফ্যাকচারিং সেন্টার তৈরিতে 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। JMA সিরাকিউজের ডাউনটাউনের দক্ষিণ প্রান্তে কোর্টল্যান্ড অ্যাভিনিউতে (Cortland Ave) অবস্থিত প্রাক্তন কয়েন বিল্ডিং এবং অন্যান্যগুলো সংস্কার করবে। একটি সিটি ব্লক জুড়ে থাকা, 5G এলাকাটি, বিশ্বের প্রথম ইনডোর 5G মিলিমিটার তরঙ্গ রেডিও সিস্টেম উৎপাদন করবে এবং 5G চালিত অভিজ্ঞতার জন্য একটি প্রদর্শনী হিসাবে কাজ করবে।

এই প্রকল্পটি সিটি এবং কাউন্টি কর্তৃক ডাউনটাউন থেকে সাউথ সাইড-এ একটি শক্তিশালী প্রযুক্তি করিডোর বিকাশের প্রচেষ্টাকে পূর্ণ করে, যা সেন্ট্রাল নিউ ইয়র্ককে 5জি এবং স্মার্ট সিটির উন্নয়নের কেন্দ্র করে তোলে। প্রকল্পটি ডাউনটাউন সংলগ্ন দুর্দশাগ্রস্থ এলাকায় 100টি কর্মসংস্থান তৈরি করবে, এই কাজগুলোর ব্যপ্তি থাকবে এন্ট্রি স্তর থেকে অ্যাডভান্স ইঞ্জিনিয়ারিং পর্যন্ত। নিউ ইয়র্ক স্টেট এই প্রকল্পে সহায়তা করার জন্য একটি 5 মিলিয়ন মার্কিন ডলারের আপস্টেট পুনরুজ্জীবন উদ্যোগ (Upstate Revitalization Initiative) অনুদান প্রদান করছে।

2017 সালে, গভর্নর কুওমো ঘোষণা দিয়েছিলেন যে JMA ওনোনডাগা কাউন্টিতে কার্যক্রমগুলো সম্প্রসারিত করতে এবং আউট-অফ-স্টেট কার্যক্রমগুলোকে লিভারপুলে স্থানান্তর করতে 34 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। JMA তাদের লিভারপুলে, 200টিরও বেশি কর্মসংস্থান তৈরি করার মাধ্যমে 145টি কাজ দেয়ার তাদের যে অঙ্গীকার তাকে ছাড়িয়ে গিয়েছে এবং পাশাপাশি প্রত্যাশিত সময়ের অর্ধেকের পূর্বেই তাদের বিনিয়োগ অঙ্গীকার পূরণ করেছে। গত ছয় বছর ধরে, JMA সিরাকিউজ এলাকায় 100 মিলিয়ম মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে এবং স্থানীয়ভাবে 500-র অধিক নিয়োগ দিয়েছে।

এম্পায়ার স্টেট ডেভলপমেন্ট (Empire State Development)-র ভারপ্রাপ্ত কমিশনার এবং সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা-মনোনীত এরিক জে গার্টলার বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে, ক্রমবর্ধমান উচ্চ সক্ষমতার, মানের কোম্পানিগুলো স্টেটের প্রতিটি অঞ্চলে অধিকতর আগ্রহ দেখাচ্ছে, কর্মসংস্থান এবং সম্ভাবনা নিয়ে আসছে যা বছরের পর বছর ধরে হওয়া অর্থনৈতিক পতনে পরিবর্তন এনেছে। সেন্ট্রাল নিউ ইয়র্কে কার্যক্রম সম্প্রসারণের উদ্দেশ্যে JMA ওয়্যারলেস এবং ব্যাংকার্স হেলথকেয়ার গ্রুপের এই সিদ্ধান্ত প্রমান করে যে নিউ ইয়র্ক স্টেট ব্যবসার জন্য উন্মুক্ত-শুধু আজকের মার্কেটপ্লেসের জন্য নয়, বরঞ্চ আগামীর অর্থনীতির জন্যেও।"

সেন্ট্রাল নিউইয়র্ক আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের (Regional Economic Development Council, REDC) সহ-সভাপতি, ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অফ সেন্ট্রাল নিউ ইয়র্কের (Manufacturers Association of Central New York, MACNY) প্রেসিডেন্ট এবং সিইও র‍্যান্ডি ওকেন এবং অসোয়েগোতে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্কের (State University of New York) সভাপতি ডেবোরাহ স্ট্যানলি বলেন, "ডাউনটাউন সিরাকিউজের ভবিষ্যৎ নিয়ে আঞ্চলিক পরিষদ সম্পূর্ন প্রতিশ্রুতিবদ্ধ। এই পরিবর্তনকারী প্রকল্পগুলোকে সহায়তা করার মাধ্যমে আমরা এই অঞ্চলটিকে পুনরায় প্রাণবন্ত করার জন্য আমাদের প্রচেষ্টাকে আরও এগিয়ে নিচ্ছি, মিলেমিয়াল, পরিবার এবং যারা এই অঞ্চলে সকল সুবিধার অভিজ্ঞতা নিতে চায় তাদের জন্য একটি স্বাগত স্থান তৈরি করছি।"

সেনেটর রবার্ট ই. এন্টোনাসি II বলেন, "অনোনডাগা কাউন্টিতে ব্যাংকার্স হেলথকেয়ার গ্রুপ এবং JMA ওয়্যারলেস-এর ইনভেস্টমেন্ট এখানে আরো বেশি অর্থনৈতিক সুযোগ প্রদান করে। সেন্ট্রাল নিউ ইয়র্কে কর্মসংস্থান সৃষ্টির উপর দৃষ্টি নিবদ্ধ করা এই অঞ্চলে ক্রমাগত অর্থনৈতিক বৃদ্ধি এবং সমৃদ্ধির সুযোগ দেয়।"

সেনেটর র‍্যাচেল মে বলেছেন, "53তম সিনেট ডিস্ট্রিক্টে JMA ওয়্যারলেস-কে স্বাগত জানাতে পেরে আমরা খুবই উদ্দীপ্ত। সিরাকিউজ পরিবার নিয়ে থাকা, খেলাধূলা করা এবং বড় করার জন্য একটি চমৎকার জায়জ্ঞা এবং আমি অত্যন্ত রোমাঞ্চিত অনুভব করছি যে কোম্পানিগুলো এটি বুঝতে পারছে। সেন্ট্রাল নিউ ইয়র্কে গোড়া থাকা JMA, একটি অসাধারন সংযোজন হবে, যা সিরাকিউজের সাউথসাইডে মানসম্পন্ন কর্মসংস্থান আনবে এবং ক্রিয়াকর্মের একটি প্রাক্তন কেন্দবিন্দুকে পুনরায় উৎপাদনশীল কাজে লাগাবে। বহু বছর ধরে তারা বেড়ে ওঠছে আমি তা দেখা অপেক্ষায় রয়েছি। সিরাকিউজ শহরে পুনরায় বিনয়োগের জন্য ব্যাংকার্স হেলথকেয়ার গ্রুপকে এর পাশাপাশি ধন্যবাদও জানাই।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম বি. ম্যাগনারেলি বলেন, "ওনোনডাগা কাউন্টিতে এই শিল্পগুলোর সম্প্রসারণ স্থানীয়ভাবে প্রযুক্তিগতভাবে বন্ধুত্বপূর্ণ কাজের পরিবেশ গড়ে তোলার দিকে এক বিস্ময়কর প্রগতিশীল পদক্ষেপ। কোম্পানিগুলোর নিয়ে আসা অতিরিক্ত কর্মসংস্থান এবং সম্ভাবনা দ্বারা স্থানীয় অর্থনীতি উপকৃত হবে।"

অ্যাসেম্বলি সদস্য পামেলা জে. হান্টার বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্কে এই দুই ব্যবসার সম্প্রসারণ নিশ্চিত করে যে আমাদের পুনরুজ্জীবনের উদ্যোগ ফল দিচ্ছে। এই ব্যবসায়গুলো কেবলমাত্র শত শত কর্মসংস্থান তৈরি করবে তা নয়, বরঞ্চ তাদের নিজ নিজ ক্ষেত্রের শিল্প নেতা হিসাবে তারা অবশ্যই বহিরাগত সরবরাহকারীদের সাথে জড়িত হবে, যা আমাদের আঞ্চলিক অর্থনীতিকে আরও অনুপ্রেরণা দেবে এবং বাড়তি কর্মসংস্থান বৃদ্ধিতে উৎসাহিত করবে।"

অ্যাসেম্বলি সদস্য অ্যালবার্ট এ. স্ট্রাইপে বলেন, "এটি সিরাকিউজ শহর এবং আমাদের আঞ্চলিক অর্থনীতির জন্য একটি অসাধারন দিন। আমি JMA ওয়্যারলেসের সাথে বেশ কয়েক বছর ধরে কাজ করেছি এবং এই প্রযুক্তি অগ্রদূত ক্লে-তে কর্মসংস্থান তৈরি করে এবং একজন ভাল কর্পোরেট নাগরিক হিসাবে যে দুর্দান্ত জিনিস অর্জন করেছেন তা আমি দেখেছি। শহরে বিনিয়োগ ও বেড়ে ওঠায় তাদের যে অঙ্গীকার, যেখানে সম্ভাব্য শ্রমিকদের বসবাস, সেই অঙ্গীকার সেখানে ভালো বেতনের কর্মসংস্থান নিয়ে আসবে। আমাদের কমিউনিটির দারিদ্র্যের চক্র ভাঙতে এবং পুরো অঞ্চলটিকে তুলে ধরতে যা করা প্রয়োজন এটি তার একটি উদাহরণ।"

ওনোনডাগা কাউন্টি নির্বাহী জে. রায়ান ম্যাকমেহন II বলেন, "আমাদের স্থানীয় অর্থনীতিতে যে গতি রয়েছে তা অনস্বীকার্য। ব্যাংকারস হেলথ এবং JMA কর্তৃক সৃষ্ট শত শত নতুন কর্মসংস্থান আমাদের সম্প্রদায়ের জন্য আকর্ষণীয় খবর। যারা এটির সফলতায় সাহায্য করেছেন সেই সকল অংশীদারদের ধন্যবাদ।"

সিরাকিউজের মেয়র বেন ওয়ালশ বলেন, "গভর্নর এবং তার দল, আমাদের নতুন অর্থনীতি-তে অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির কৌশল সিরাকিউজ ঢেউ (Syracuse Surge)-এর প্রথমদিককার সমর্থক ছিলেন। ধারনাটি নিয়ে আমি যখন গভর্নরের কাছে গেলাম, তিনি শুনলেন। সিরাকিউজে JMA এবং BHG বিনিয়োগ গভর্নরের প্রতিশ্রুতি ছাড়া সম্ভব হত না। এই প্রকল্পগুলি প্রমাণ করে যে সার্জ কৌশলটি (Surge Strategy) কাজ করছে: আমাদের স্ট্রিট লাইট নেটওয়ার্ক অর্জনের সুবিধার এবং

এটিকে নিউ ইয়র্কের ফ্ল্যাগশিপ স্মার্ট সিটিতে (Flagship Smart City) পরিণত হওয়ার উদ্দেশ্যে ব্যবহার করার; অতি-উচ্চগতি সম্পন্ন ওয়্যারলেস প্রযুক্তির বিকাশের জন্য সিরাকিউজকে দেশের প্রথম শহরগুলোর মধ্যে অন্যতম হিসেবে তৈরি করার শক্তির; এবং ডাউনটাউন সিরাকিউজে পুরানো সেন্ট্রাল টেকে একটি কাউন্টিব্যাপী STEAM স্কুল তৈরির সম্ভাবনার।"

সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। 2012 সাল থেকে এই অঙ্গরাজ্য ইতোমধ্যেই 5.6 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে যা বিশ্ব বাজারের সুযোগ কাজে লাগিয়ে উদ্যোক্তাদের শক্তিশালী করে এবং অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি তৈরি করে এই পরিকল্পনার মূল ভিত্তি স্থাপন করেছে। বর্তমানে বেকারত্ব কমে মহামন্দার সময় থেকে সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর নিম্ন পর্যায়ে রয়েছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলো বিকাশ এবং বিনিয়োগের জন্য গন্তব্য হিসেবে সিরাকিউজ, ওসওয়েগো এবং অবার্নের মতো জায়গা নির্বাচন করছে।

বর্তমানে, এ অঞ্চল 2015 সালের ডিসেম্বরে গভর্নর কুওমো ঘোষিত উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগ সহযোগিতায় সেন্ট্রাল নিউইয়র্কের অগ্রগতি ত্বরান্বিত করছে। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন